শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ
ফোনঃ ০৪৫১-৬২৬০৫ (*Office*),
ISO 9001:2015 Certified. ফ্যাক্সঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইলঃ jhenaidah_pbs@ yahoo.com

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২১. ৯০৬৭ তারিখঃ ২৭ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২১খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কর্মচারীদের পোষাক (সেলাই সহ) সরবরাহের নিমিত্তে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বর্ণনা, স্পেসিফিকেশন ও শর্ত অনুযায়ী কর্মচারীদের পোষাক(সেলাই সহ) সরবরাহের জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্রঃ নং | মালমালের বিবরণ | পরিমান (পিচ) | উদ্ধৃত দর | |
|---|---|---|---|---|---|
| | | | | একক দর (টাকা) | মোট দর (টাকা) |
| G-21-22-48.58-001 | ০১ | **ফুল হাতা শার্টঃ** কাপড়ের বিবরণঃ হালকা আকাশী রংয়ের ফুল স্লিভ শার্ট উন্নতমানের টরে কাপড় হবে (সংশিষ্ট কর্মচারীর মাপ অনুযায়ী) (প্রদর্শিত নমুনা মোতাবেক)<br>সেলাই এর বিবরণঃ উন্নতমানের বকরম ও বোতাম ব্যবহার পূর্বক উন্নতমানের পলিস্টার সুতা দ্বারা সেলাই, ফুল হাতা, শার্টের সামনের পকেটের উপর অর্ধচন্দ্রাকারে ঝিনাইদহ পবিস (এমব্রয়ডারী /প্রিন্ট করে সমিতির মনোগ্রামসহ) লিখতে হবে।<br>(১২৬ সেট, ০২টিতে সেট) | ২৫২ | | |
| | ০২ | **ফুল প্যান্ট (জিন্স):** কাপড়ের বিবরণঃ ১৪ আউন্স, হেভি নেভি ব্লু জিন্স প্যান্টের কাপড়। (সংশ্লিষ্ট কর্মচারীর মাপ অনুযায়ী)<br>সেলাই এর বিবরণঃ উন্নতমানের পলিস্টার সুতা দ্বারা সাইডে ডবল সেলাই, ভিতরে লক সেলাই, উন্নতমানের পিতলের চেইন, উন্নতমানের কাপড় দ্বারা পকেট তৈরী করতে হবে। পিছনে পকেট ০২টি, সাইড পকেট ০২টি (প্রদর্শিত নমুনা মোতাবেক)।<br>(১২৬ সেট, ০২টিতে সেট) | ২৫২ | | |
| | ০৩ | **ফুল হাতা শার্টঃ** কাপড়ের বিবরণঃ হালকা আকাশী রংয়ের ফুল স্লিভ শার্ট উন্নতমানের টরে কাপড় হবে (সংশিষ্ট কর্মচারীর মাপ অনুযায়ী) (প্রদর্শিত নমুনা মোতাবেক)<br>সেলাই এর বিবরণঃ উন্নতমানের বকরম ও বোতাম ব্যবহার পূর্বক উন্নতমানের পলিস্টার সুতা দ্বারা সেলাই, ফুল হাতা, শার্টের সামনের পকেটের উপর অর্ধচন্দ্রাকারে ঝিনাইদহ পবিস (এমব্রয়ডারী /প্রিন্ট করে সমিতির মনোগ্রামসহ) লিখতে হবে।<br>(২৬ সেট, ০২টিতে সেট) | ৫২ | | |
| | ০৪ | **সাধারণ ফুল প্যান্টঃ** কাপড়ের বিবরণঃ নেভি ব্লু(অক্সফোর্ড) প্রতিটি সাধারণ প্যান্ট সংশ্লিষ্ট কর্মচারীর মাপ অনুযায়ী<br>(প্রদর্শিত নমুনা মোতাবেক)।<br>সেলাই এর বিবরণঃ উন্নতমানের পলিস্টার সুতা দ্বারা সিংগেল সেলাই, উন্নতমানের পিতলের চেইন, পিছনে পকেট ০১টি, সাইড পকেট ০২টি, উন্নতমানের কাপড় দ্বারা পকেট তৈরী করতে হবে। (প্রদর্শিত নমুনা মোতাবেক)।<br>(২৬ সেট, ০২টিতে সেট) | ৫২ | | |
| | | | সর্বমোট উদ্ধৃত দর = | | |

কথায়ঃ.............................................................................................................

চলমান পাতা-০২

শর্তাবলী ঃ

০১) দরপত্র আগামী **১৯/১২/২০২১ ইং** তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক,পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর,বাপবিবোর্ড,ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার,ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ **১৯/১২/২০২১ ইং তারিখ** বেলা ১২:৩০ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরন নম্বর (TIN), ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩) খামের উপর **"কর্মচারীদের পোষাক (সেলাই সহ) সরবরাহের কোটেশন"** শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।

০৪) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।দরপত্র সঠিকভাবে পূরন করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে। ।

০৫) মালামাল অবশ্যই নির্ধারিত মানের নমুনা অনুযায়ী সরবরাহ করতে হবে। মালামালের সঠিক নমূনা/বিবরণ সমিতি কর্তৃপক্ষের নিকট হতে জেনে/দেখে দর উদ্ধৃত করতে হবে ।

০৬) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।

০৭) মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৮) কার্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল সমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।

০৯) যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১০) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১১) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাঃ/-
( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ঝিনাইদহ।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, ঝিনাইদহ।
১০) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
১১) ডিজিএম, কালীগঞ্জ/ শৈলকুপা/ মহেশপুর/ সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
১২) এজিএম (ওএন্ডএম), হরিণাকুন্ডু/ কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
১৩) এজিএম (ইএন্ডসি/অর্থ), ঝিনাইদহ পবিস।
১৪) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস-বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
১৫) মেসার্স-------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
১৭) দাপ্তরিক নথি।

২১/১২/২১
( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার